

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০০৮.১৫. ৬০২


তারিখ : ১০ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ।
২৫ জুলাই, ২০১৭ খ্রিঃ।

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০১৭ পালন সংক্রান্ত।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১২৭০, তারিখঃ ২৪/০৭/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০১৭ পালন উপলক্ষে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি প্রণয়ন ও যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, তাঁর জেলার আওতাধীন ইউনিয়ন পরিষদসমূহে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০১৭ পালন উপলক্ষে প্রণীত জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচী প্রণয়ন ও যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে নির্দেশনা প্রদানসহ এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

- ১। জেলা প্রশাসক (সকল)
.....জেলা।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)
.....জেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।